

**ইসলামী ভার্টিসি : ভিসির
 কার্যালয়ে তালা লাগিয়ে
 দিয়েছে ছাত্ররা**

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ১৪ই ফেব্রুয়ারি (নিজস্ব সংবাদদাতার ফোন)।-৭ দফা দাবি বাস্তবায়নসহ ভিসি'র পদত্যাগের দাবিতে আজ বেলা ১২টা থেকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের সর্বদলীয় ছাত্রঐক্য ৭২ ভার্টিসি : পৃঃ ৮ কঃ ৮

**ভার্টিসি : ছাত্ররা তালা দিয়েছে
 (১ম পৃষ্ঠার পর)**

ঘণ্টাব্যাপী ছাত্র ধর্মঘটের প্রথম দিনে ভিসি'র কার্যালয়ে তালা লাগিয়ে দিয়েছে। এর আগে সর্বদলীয় ছাত্রঐক্যের নেতৃত্বে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক বিক্ষোভ মিছিল বের করে প্রশাসনিক ভবনের সামনে সমাবেশ করে। সমাবেশে বক্তব্য রাখেন জাতীয়তাবাদী ছাত্রদলের ওয়ালিদ হাসান পিকুল, ছাত্রমৈত্রীর উৎপল কুমার পাল, ছাত্র ইউনিয়নের আজমল হোসেন, ছাত্রলীগ (শা-পা)-এর সামছুল ইসলাম জোহা ও জাতীয় ছাত্রদলের ইব্রাহীম খলিল। সমাবেশের পরে ছাত্র নেতৃবৃন্দ ভিসি'র অফিসে তালা লাগিয়ে দেয়। ভিসি এসময় ঢাকায় অবস্থান করছিলেন। অফিসের অন্য কর্মকর্তা-কর্মচারীরা অফিসের বাইরে অবস্থান করেন।

তাৎক্ষণিকভাবে সর্বদলীয় ছাত্রঐক্য বিশ্ববিদ্যালয় প্রেসক্রাবে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করে। সম্মেলনে নেতৃবৃন্দ ১৫, ১৬ ও ১৭ই ফেব্রুয়ারি যথাক্রমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী, কুষ্টিয়া ও ঝিনাইদহের সকল রাজনৈতিক দল এবং ছাত্র নেতৃবৃন্দের সাথে আলোচনার পর ১৮ই ফেব্রুয়ারি ভিসির পদত্যাগের দাবিতে নতুন কর্মসূচী ঘোষণা দেয়ার কথা জানান।

সম্মেলনে ছাত্র নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয়ের চলমান অচলাবস্থা নিরসনের জন্য বর্তমান ভিসি প্রফেসর এম, এ হামিদকে অপসারণ করে নতুন ভিসি নিয়োগদানের ব্যাপারে ইসলামী বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরের প্রতি আহ্বান জানিয়েছেন।